**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**29 JULY 2024** **7:45—7:55 PM IST**

===========================================================================

(১) আগামী দোসরা অক্টোবরে রাজ্যে উপ-জেলার কাজকর্ম সমূহ আনুষ্ঠানিকভাবে আরম্ভ করা হবে বলে জেলা আয়ুক্তদের সম্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার প্রকাশ/

(২) আসাম লোকসেবা আয়োগের কৃষি উন্নয়ন আধিকারিক নিযুক্তি কেলেঙ্কারিতে দোষী সাব্যস্ত রাকেশ কুমার পালকে বিশেষ বিচারপতির আদালতের ১৪ বছরের কারাদন্ড/ দোষী সাব্যস্ত অন্য ৩১ জনরেও শাস্তি ঘোষণা/

(৩) আসামের নবনিযুক্ত রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের আগামীকাল রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ/

এবং

(৪) আসাম পুলিশের কাটাখাল থেকে এক ড্রাগ্‌স সরবরাহকারীকে আটক করে প্রায় নয় কোটি টাকার নেশাযুক্ত ট্যাবলেট বাজেয়াপ্ত/

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার পৌরহিত্যে গুয়াহাটির লোকসেবা ভবনে আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীর মাধ্যমে জেলা আয়ুক্ত সম্মেলন চলছে । এই সম্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা আগামী দোসরা অক্টোবর থেকে রাজ্যের উপ-জেলার কাজকর্ম সমূহ আনুষ্ঠানিকভাবে আরম্ভ হবে বলে প্রকাশ করেছেন । সেই অনুসারে কামরূপ জেলায় দুটি উপ-জেলা হবে । প্রথমে অস্থায়ী কার্যালয় থেকে উপ-জেলার কাজকর্মসমূহ চলবে । একই সময়ে স্থায়ী কার্যালয়ের নির্মাণ কার্যও চলবে । এদিকে উপ-জেলার কার্যালয়ের জন্যে লোকনির্মাণ বিভাগের প্রস্তুত করা নক্সা সংশ্লিষ্ট জেলা আয়ুক্তদের আগামীকালের সম্মেলনে দেখানো হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা জানিয়েছেন । অন্যদিকে উপ-জেলার মহকুমাধিপতিদের আগামী দোসরা অক্টোবরের পূর্বে প্রশিক্ষণ দেওয়া হবে বলে জানিয়ে তিনি আগামী ১৫ ই আগস্টের পূর্বে প্রয়োজনীয় সব আসবাব পত্র অস্থায়ী কার্যালয়ে নিয়ে যাওয়ারও নির্দেশ দিয়েছেন ।

আয়ুক্ত সম্মেলনে মুখ্যমন্ত্রী বেশকয়েকটি জেলার কাজকর্মে অসন্তোষ প্রকাশ করে সংশ্লিষ্ট আয়ুক্তদের জেলাভিত্তিক বৈষম্য দূর করার নির্দেশ দিয়েছেন । আয়ুক্তদেরকে সপ্তাহে একদিন ক্ষেত্র পর্যবেক্ষণ এবং নিজেদের জেলার বিশিষ্ট ব্যক্তিদের ঘরে যাওয়ার জন্যেও মুখ্যমন্ত্রী আহ্বান জানিয়েছেন । এছাড়া অতিরিক্ত জেলা আয়ুক্তকে সপ্তাহে দুদিন কাজকর্ম দেখাশোনা করার জন্যেও তিনি

নির্দেশ দেন । একই সময়ে দৈনিক এক তৃতীয়াংশ সরকারী আধিকারিককে জনসাধারণের কাছে গিয়ে তাদের সমস্যার বিষয়ে খোঁজখবর নেওয়ার জন্য মুখ্যমন্ত্রী আহ্বান জানান । প্রত্যেক ১৫ দিন পর পর অভিভাক মন্ত্রীর সঙ্গে আয়ুক্তকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে কাজকর্মের বিষয়ে আলোচনা করতে মুখ্যমন্ত্রী জেলা আয়ুক্তদের আহ্বান জানিয়েছেন । প্রয়োজনে অভিভাবক মন্ত্রীকে সংশ্লিষ্ট জেলা সফরের বিষয়ে দাবী জানাতে পারবেন বলেও এই সম্মেলনে মুখ্যমন্ত্রী প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী আরো বলেন যে- আগামী সেপ্টেম্বর মাসের মধ্যে প্রতিটি জেলায় নতুন প্রকল্প রূপায়ণ করতে হবে এবং রূপায়িত না হওয়া পুরনো প্রকল্পের কাজগুলি সমাধানের চেষ্টা করতে হবে ।

এছাড়া আগামী ৩১শে ডিসেম্বরের আগে নতুন পঞ্চায়েত যাতে দায়িত্ব নিতে পারে, সেই অনুযায়ী প্রয়োজনীয় সব কাজকর্ম করতে জেলা আয়ুক্তদের মুখ্যমন্ত্রী আহ্বান জানান । একই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী আয়ুক্তদের বলেছেন যে- পঞ্চায়েতে তিনটির বেশি উন্নয়ন খন্ড থাকতে পারবেনা । জেলা আয়ুক্ত সম্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সরকারী কার্যসূচীতে কেবল নিরামিষ খাদ্য ব্যবহারের নির্দেশ দিয়েছেন । এছাড়া রাজ্যে ভি ভি আই পি সংস্কৃতি সরিয়ে দেবার পক্ষে মত প্রকাশ করে মুখ্যমন্ত্রী মন্ত্রীদের কনভয়ে দশটির বেশি গাড়ি থাকতে পারবেনা বলেও তিনি জানিয়েছেন ।

এই সম্মেলনে সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্তদের আগামী বারোই আগস্ট সাহায্য প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । ক্ষতিগ্রস্তদের গৃহনির্মাণের জন্য একলক্ষ কুড়ি হাজার টাকা করে দেওয়া হবে বলে জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে- সাহায্য প্রদানের সাতদিন আগে তাদের মঞ্জুরী পত্র বিতরণ করা হবে ।

-------------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগের কৃষি উন্নয়ন আধিকারিক নিযুক্তি কেলেঙ্কারির মামলায় আজ বিশেষ বিচারপতির আদালত আয়োগের প্রাক্তন অধ্যক্ষ রাকেশ কুমার পাল সহ ৩১ জনের বিরুদ্ধে শাস্তির রায় ঘোষণা করেছে । সেই অনুসারে আদালত রাকেশ কুমার পালকে দুর্নীতি প্রতিরোধ আইন এবং ভারতীয় দন্ডবিধি আইনের চারটি গুরুত্বপূর্ণ ধারায় দোষী সাব্যস্ত করে ১৪ বছরের সশ্রম কারাদণ্ড এবং দুলক্ষ টাকা জরিমানা ঘোষণা করেছে। অনুরূপভাবে আয়োগের প্রাক্তন সদস্য সামেদুর রহমান এবং বসন্ত কুমার দোলেকে দশ বছরের সশ্রম কারাদণ্ড এবং দুলক্ষ টাকা জরিমানা ধার্য করেছে । এদিকে বাঁকাপথে চাকরি নেওয়ার অভিযোগে দোষী সাব্যস্ত হওয়া ২৯ জন কৃষি উন্নয়ন আধিকারিককে চার বছরের কারাদণ্ড এবং দশ হাজার টাকা করে জরিমানা ধার্য করা হয়েছে । উল্লেখ্য- কৃষি উন্নয়ন আধিকারিক নিযুক্তি কেলেঙ্কারির মামলায় বিশেষ বিচারপতির আদালত গত ২২শে জুলাই রাকেশ কুমার পাল সহ ৩১ জনকে দোষী সাব্যস্ত করেছিল ।

-------------------------------------------------------------------------------------------

আসামের নব নিযুক্ত রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য আগামীকাল রাজ্যপাল হিসেবে শপথ গ্রহণ করবেন ।আগামী শ্রীমন্ত শ্যকরদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে গুয়াহাটী হাইকোর্টের মুখ্য বিচারপতি বিজয় বিষ্ণই নবনিযুক্ত রাজ্যপালকে শপথবাক্য পাঠ করাবেন ।শ্রী আচার্যকে আসাম সহ মণিপুরের রাজ্যপাল হিসেবেও অতিরিক্ত দায়িত্ব অর্পন করা হয়েছে ।শ্রী আচার্য এর পূর্বে সিকিমের রাজ্যপাল হিসেবে কার্যনির্বাহ করেছিলেন ।উল্লেখ্য আসাম সহ ৯ টি রাজ্যের নতুন রাজ্যপাল নিযুক্তি তথা পরিবর্তন করা হয়েছে ।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এক নির্দেশে বিভিন্ন রাজ্যের নতুন রাজ্যপালদের নিযূক্তি প্রদান করেছেন ।অন্যদিকে রাজ্যের বর্তমান রাজ্যপাল গুলাব চান্দ কাটারিয়াকে পাঞ্জাবের রাজ্যপাল হিসেবে নিযুক্তি প্রদান করা সহ কেন্দ্রশাসিত অঞ্চল চন্ডিগড়ের প্রশাসক হিসেবে নিযূক্তি দেওয়া হয়েছে ।এদিকে আসামের প্রাক্তন লোকসভা সাংসদ রমেন ডেকাকে ছত্তিশগড়ের রাজ্যপাল হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

লোকসভায় আজ ২০২৪-২৫ অর্থবছরের সাধারণ বাজেট সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়েছে ।অলোচনায় অংশগ্রহণ করে বিরোধি দলনেতা রাহুল গান্ধী জাতি গণনা অনুষ্ঠিত করার দাবী উত্থাপন করা সহ কৃষকের উৎপাদিত সামগ্রীর নূন্যতম সমর্থন মূল্য প্রদান করার ক্ষেত্রে আইনী নিশ্চয়তা প্রদান করার দাবী জানান ।তিনি অগ্নিবীর প্রকল্প সম্পর্কেও প্রশ্ন উত্থাপন করেন ।শ্রী গান্ধী ২০২৪-২৫ বর্ষের বাজেটে দেশের জনসংখ্যার ৭৩ শতাংশ তপশিলি জাতি , উপজাতি তথা অন্যান্য পিছিয়ে পড়া শ্রেণীর জন্য কোন উল্লেখযোগ্য প্রস্তাব নেই বলে অভিযোগ করেন ।পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার প্রসঙ্গ উত্থাপন করে এধরণের ঘটনা যুব প্রজন্মের ক্ষতি করে বলে শ্রী গান্ধী মন্তব্য করেন ।অগ্নিবীর প্রসঙ্গে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেন যে এই সম্পর্কে বিরোধি দলনেতা কিছু ভ্রান্ত ধারণার সৃষ্টি করেছেন এবং এই সম্পর্কে লোকসভায় আলোচনা করার জন্য তিনি প্রস্তুত ।

-------------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট দেশের সর্বোচ্চ আদালতের ৭৫ তম প্রতিষ্ঠা দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আজ থেকে বিশেষ লোক আদালত সপ্তাহের আয়োজন করেছে । আকাশবাণীর সঙ্গে কথাপ্রসঙ্গে বিচারপতি কে ভি বিশ্বনাথন বলেন যে- সুপ্রীম কোর্টের বিচারাধীন থাকা মামলাসমূহ মীমাংসা করার জন্য এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । তিনি আবেদনকারীদেরকে লোক আদালতের সুবিধা গ্রহণ করার আহ্বান জানিয়েছেন । সুপ্রীম কোর্টের এই ব্যবস্থাকে তিনি আদালতে জমে থাকা বিবাদ সমূহ স্বেচ্ছামূলক এবং বোঝাপড়ার

মাধ্যমে সমাধানের এক মঞ্চ বলে অভিহিত করেছেন। বিচারপতি বিশ্বনাথন লোক আদালত সমূহকে ন্যায় লাভের দক্ষ ও ব্যয়সাধ্য মাধ্যম বলেও অভিহিত করেছেন ।

---

আসাম পুলিশ শিলচরের কাছে কাটাখাল থেকে একজন ড্রাগ্‌স সরবরাহকারীকে আটক করে তার কাছ থেকে প্রায় নয় কোটি টাকা মূল্যের মেথামফেটামাইন ট্যাবলেট বাজেয়াপ্ত করেছে । গোপন সূত্রের খবরের ভিত্তিতে কাটাখাল এলাকায় গত শনিবার রাতে অভিযান চালিয়ে পুলিশ আব্দুল আলিম নামের ড্রাগ্‌স সরবরাহকারীকে করে । এবং তার কাছ থেকে ইয়াবা ট্যাবলেট হিসেবে পরিচিত মাদকদ্রব্যগুলি জব্দ করে । রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা সামাজিক মাধ্যমের একটি পোস্টের মাধ্যমে ড্রাগ্‌স মুক্ত আসাম নির্মাণের ক্ষেত্রে নিরন্তর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্যে আসাম পুলিশকে অভিনন্দন জানিয়েছেন । পুলিশ এই ড্রাগ্‌সগুলি মায়ানমার থেকে সরবরাহ করা হয়েছিল বলে জানিয়ে আসামের মধ্যে দিয়ে দেশের অন্যান্য প্রান্তে এসব প্রেরণ করা হচ্ছিল বলে সন্দেহ প্রকাশ করেছে ।

---

লোকসভার অধ্যক্ষ ওম বিরলা প্যারিস অলিম্পিকে দেশের হয়ে প্রথম পদক জয়ী ভারতীয় শুটার মনু ভাকেরকে আজ সংসদে অভিনন্দন জানিয়েছেন । আজ লোকসভার কাজকর্ম শুরুর সময় অধ্যক্ষ শ্রী বিরলা বলেন যে মহিলাদের ১০ মিটার এয়ার পিস্তল ইভেন্টে ব্রোঞ্জের পদক লাভ করে মনু ভাকর ইতিহাস রচনা করেছেন । তার সফলতা সমগ্র দেশে উৎসাহের পরিবেশ সৃস্টি করেছে । লোকসভার অধ্যক্ষ প্যারিস অলিম্পিকে অংশগ্রহনকারী সব ভারতীয় খেলোয়াড়দের শুভেচ্ছা জানিয়েছেন । পেরিস অলিম্পিকের চর্তুথ দিন আজ ১০ মিটারের রাইফেল পুরুষ শাখার ফাইনালে ভারতের শুটার অর্জুন বাবুটাই চর্তুথ স্থান দখল করেন । অন্যদিকে সরবজিৎ সিং ও মানু ভাকরের জুটি ১০ মিটার এয়ার পিস্তল যুগ্ম দলের কোয়ালিফাই করে পরবর্তী রাউন্ডের জন্য উন্নীত হয়েছে ।ভারতীয় শুটার রমিতা জিন্দাল ১০ মিটার এয়ার রাইফেল মহিলাদের চূড়ান্ত রাউন্ডে পদক জয়ে ব্যর্থ হয়েছেন । রমিতা জিন্দাল ফাইনাল রাউন্ডে সপ্তম স্থান দখল করেন । এদিকে আজ বিকেলে অনুষ্ঠিত হওয়া পুরুষদের হকিতে ভারত ও আর্জেন্টিনার মধ্যে খেলা ১-১ গোলে ড্র হয়েছে । পুল বি-র গ্রুপ পর্য্যায়ের দ্বিতীয় খেলায় ভারতীয় হকি দল প্রথম খেলায় নিউজিলেন্ডের বিরুদ্ধে ৩-২ গোলের ব্যবধানে জয়লাভ করে ।

---

হাইলাকান্দি জেলার এস কে রায় সিভিল হাসপাতালে গতকাল রাতে একটি শিশুর মৃত্যুকে কেন্দ্র করে উত্তেজনাকর পরিস্থিতির সৃষ্টি হয় । চিকিৎসক এবং নার্সের গাফিলতিতে শিশুর মৃত্যু হয়েছে বলে পরিবারের পক্ষ থেকে অভিযোগ জানিয়ে বিক্ষোভ প্রদর্শন করা হয় । আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন যে জ্বরে আক্রান্ত ১১ মাসের সুমনা আক্তার নামের একটি শিশু কন্যাকে রবিবার সকালে এস কে রায় সিভিল হাসপাতালে ভর্তি করা হয় । এদিকে হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে শিশু মৃত্যুর এই ঘটনার ম্যাজিস্ট্রেট পর্য্যায়ের তদন্ত ঘোষনা করা হয়েছে ।

---

লক্ষীপুরের মণিপুরী ওমেন রাইটার্স ফোরামের উদ্যোগে গতকাল লক্ষীপুরের খরিরোল কমিউনিটি হলে মহাকবি কালীদাস ও মহাকবি বি অঙাংহল সিংহের স্মৃতিসভা ও বিশিষ্ট লেখিকা প্রয়াত টি থোইবি দেবীর জন্ম দিবস পালন করা হয়েছে । আই বিনোদ সিংহের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় অধ্যাপক জি নরহরি শর্মা , এন জি বসন্ত কুমার , ডক্টর এস মেরিনা দেবী প্রমূখ বক্তব্য রাখেন ।

---

ছাত্র সংগঠন এ আই ডি এস ও-র কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে দেশের নব জাগরন আন্দোলনের শ্রেষ্ট মনীষি ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগরের ১৩৪তম প্রয়ান দিবস আজ শিলচরে যথাযোগ্য মর্য্যাদায় পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে সকাল ৯টায় শহীদ ক্ষুদিরাম মূর্তির পাদদেশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রতিকৃতিতে মাল্যদান করে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রয়ান দিবস পালনের তাৎপর্য্য নিয়ে স্বাগতা ভট্টাচার্য্য বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি রোটারি ক্লাবের ২০ তম বোর্ড গতকাল দায়িত্ব গ্রহন করেছে । জোন-১৫-র অ্যাসিসট্টেন্ট গর্ভনর ডক্টর অরুনাভ চৌধুরীর উপস্থিতিতে বিভাভূষন চক্রবর্তী ক্লাবের সভাপতি এবং লুৎফুর রহমান বড়ভুইয়া সম্পাদক হিসেবে দায়িত্ব গ্রহন করেছেন । অনুষ্ঠানে ক্লাবের বার্ষিক মূখপত্র সংকল্প উন্মোচন করা হয় । পরে বরাক উপত্যকার বিশিষ্ট শিল্পীদের দ্বারা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

---